# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

www.iau.edu.bd


স্মারক নং- ইআবি:/রেজি:/প্রশা:/অফিসছুটি/২০১৫/২৫৮

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসাসমূহের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া অদ্য ৩০.১২.২০২৫খ্রি. তারিখ সকাল ০৬:০০ ঘটিকায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক আগামীকাল ৩১.১২.২০২৫খ্রি. সাধারণ ছুটি ঘোষণা করায় আগামী ৩১.১২.২০২৫খ্রি. তারিখ বুধবার ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ এবং অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসাসমূহ বন্ধ থাকবে। একইসাথে সরকার ঘোষিত তিনদিনের (৩১.১২.২০২৫খ্রি. থেকে ০২.০১.২০২৬খ্রি. পর্যন্ত) রাষ্ট্রীয় শোকদিবস যথাযোগ্য মর্যাদায় পালন ও জাতীয় পতাকা অর্ধনমিত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

৩০.১২.২০২৫

(ফাহাদ আহমদ মোমতাজী)
উপ-রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০৫

স্মারক নং- ইআবি:/রেজি:/প্রশা:/অফিসছুটি/২০১৫/২৫৮(৩৯)

তারিখ: ৩০ ডিসেম্বর ২০২৫খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. ডিন (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. দপ্তর প্রধান (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, ইআবি, ঢাকা (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়গণের একান্ত সচিব, ইআবি, ঢাকা (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৬. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. সভাপতি, গভর্নিং বডি / এডহক কমিটি, সকল ফাজিল ও কামিল মাদরাসা।
৮. অধ্যক্ষ / অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সকল ফাজিল ও কামিল মাদরাসা।
৯. অফিস নথি।

৩০/১২/২০২৫

(জাকির হোসাইন)
সহকারী রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৩০, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৫ পৌষ ১৪৩২/ ৩০ ডিসেম্বর ২০২৫

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪২৩.২২.০০০২.২০.২০০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়া চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গণতন্ত্র পুন:প্রতিষ্ঠার আন্দোলনের আপসহীন নেত্রীর মৃত্যুতে অন্তর্বর্তীকালীন সরকার গভীরভাবে শোকাহত। সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, তাঁর মৃত্যুতে আগামী বুধবার, ৩১ ডিসেম্বর ২০২৫ হতে শুক্রবার, ২ জানুয়ারি ২০২৬ পর্যন্ত রাষ্ট্রীয়ভাবে শোক পালন করা হবে।

২। রাষ্ট্রীয়ভাবে শোক পালনের কর্মসূচি হিসাবে উক্ত তিনদিন বাংলাদেশের সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা-প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

৩। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মাগফেরাতের জন্য আগামী শুক্রবার, ২ জানুয়ারি ২০২৬ বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানেও তাঁর আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি অনুবিভাগ
বিধি-৬ শাখা
www.mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৩০

তারিখ : ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule 1 of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে আগামী ৩১ ডিসেম্বর, ২০২৫ তারিখ বুধবার নির্বাহী আদেশে এক দিনের সরকারি ছুটি ঘোষণা করিল। ছুটিকালীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকিবে।

২। (ক) জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

৩। ব্যাংক কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(এ.বি.এম. আবু বাকার ছিদ্দিক)
সহকারী সচিব
ফোন: ০২২২৬-৬৪১১৮৩
E-mail: reg6@mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৩০

তারিখ : ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল), ........................ (তাঁর অধীন অফিস ও সংস্থাসমূহের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।

৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
৭। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৮। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার (সকল)।
১০। জেলা প্রশাসক (সকল)।
১১। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।
১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

৩০/১২/২৪

(এ.বি.এম. আবু বাকার ছিদ্দিক)
সহকারী সচিব